

# মাকাজিদ আশ শরীয়াহ কী ও কেন

প্রফেসর ড. হাশিম কামালী

অনুবাদ :

আলী মোর্শেদ সানি



## সূচিপত্র

কোরআন-হাদীসে মাকাসিদ	১৭
মাকাসিদের প্রকারভেদ	২১
মাকাসিদে জরুরিয়্যাত	২১
মাকাসিদে হাজিয়্যাত	২২
মাকাসিদে তাহসিনিয়্যাত	২৩
মাকাসিদের আরো কিছু প্রকরণ	২৪
মাকাসিদের উৎপত্তি ও ক্রমবিকাশ	২৮
মাকাসিদের পরিচয়	৩৩
মেথডোলজিক্যাল সমস্যা ও প্রাসঙ্গিক বিষয়াবলি	৩৭
মাকাসিদ ও ইজতিহাদের সম্পর্ক	৪২
সমাপিকা	৪৮

## লেখকের পরিচয়

প্রফেসর ড. হাশিম কামালী মুসলিম উম্মাহর প্রখ্যাত আলেম, উসূলবিদ ও মাকাসিদ আশ শরীয়াহ বিশেষজ্ঞ। জন্মসূত্রে আফগান প্রফেসর কামালী তার জীবনের কয়েকটি যুগ অতিবাহিত করেছেন— ফিকহ, ইসলামী আইন ও আইনদর্শনের অধ্যয়ন ও বোঝাপড়ায়। ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি অব মালয়েশিয়ায় ফিকহ ও ইসলামী আইনের উপর দীর্ঘ উনিশ বছর অধ্যাপনা করেছেন। তাঁর একজন জীবনীকার তাঁকে মূল্যায়ন করেছেন এভাবে, “একালে ইংরেজি ভাষায় ফিকহ ও ইসলামী আইনের উপর সমৃদ্ধতম গ্রন্থগুলো তাঁর গবেষণা ও অধ্যয়নের ফসল”।

তিনি ১৯৪৪ সালের ৭ ফেব্রুয়ারি আফগানিস্তানে জন্মগ্রহণ করেন। শৈশব ও কৈশোরে ঐতিহ্যগত ইসলামী শিক্ষা অর্জন করেন। তারপর কাবুল বিশ্ববিদ্যালয় থেকে আইনশাস্ত্রে স্নাতক (LL.B) অর্জন করেন। পরবর্তীতে যুক্তরাজ্যে উচ্চশিক্ষা গ্রহণ করেন এবং University of London থেকে আইন বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

তিনি ফিকহ, উসূলুল ফিকহ, শরীয়াহ ও আধুনিক রাষ্ট্রব্যবস্থার সম্পর্ক, মাকাসিদ আশ শরীয়াহ এবং ইসলামী পুনর্জাগরণ বিষয়ে তার মূল্যবান গবেষণার দরুন বিশ্বব্যাপী সমাদৃত। তার গবেষণার প্রধান ক্ষেত্র ছিলো ফিকহ ও আধুনিক আইনব্যবস্থার তুলনামূলক বিশ্লেষণ। তিনি আধুনিক আইনের প্রেক্ষিতে ফিকহকে তার উসূলের আলোকে নতুনভাবে বিকশিত ও সামগ্রিক আকারে হাজির করার জন্য বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজ ও প্রস্তাবনা তুলে ধরেছেন। তার কাজের মাধ্যমে ইসলামী আইনকে আধুনিক রাষ্ট্র, মানবাধিকার, নাগরিকত্ব ও সুশাসনের আলোচনায় প্রাসঙ্গিক করে তোলা সম্ভব হয়েছে।

ড. কামালী বিভিন্ন দেশে গুরুত্বপূর্ণ একাডেমিক দায়িত্ব পালন করেছেন।

## আমাদের কথা

১.

মাকাসিদ আশ শরীয়াহ নিয়ে একালে আলাপ অন্য যেকোনো সময়ের চেয়ে অনেক বৃদ্ধি পেয়েছে। সময়ের আবর্তনে উদ্ভূত নানাবিধ সমস্যার যৌক্তিক সমাধানের জন্য ইসলামী সভ্যতার মূলনীতি ও শরীয়তের মাকাসিদসমূহের আলোকে সমাধান হাজির করা আবশ্যিক। এ কারণেই মাকাসিদ আশ শরীয়াহর বিস্তৃত পাঠ, ইসলামী শরীয়তের উদ্দেশ্যসমূহ কী কী, ইসলামী সভ্যতার মহান আলেমগণ কীভাবে মাকাসিদকে পাঠ করেছেন, এবং একটি ডিসিপ্লিন হিসেবে মাকাসিদ কীভাবে এখনকার পর্যায়ে এসে উপনীত হলো- এগুলোর ধারাবাহিক অধ্যয়নের সাথে আমরা কতখানি দক্ষতার সাথে যুগসংকটকে বুঝতে ও মোকাবেলা করতে পারবো সে বিষয়টি জড়িত।

বাংলা ভাষায় অদ্যাবধি মাকাসিদ নিয়ে যে কাজগুলো হয়েছে, তা প্রয়োজনের তুলনায় একেবারেই নগণ্য। পাশাপাশি সামগ্রিক ও মানসম্পন্ন কাজ সে অর্থে হয়ে ওঠেনি। এ প্রয়োজনকে সামনে রেখেই ইসলামী চিন্তা ও গবেষণা ইন্সটিটিউটের প্রকাশনা বিভাগ প্রফেসর ড. হাশিম কামালীর এই গ্রন্থটি অনুবাদের উদ্যোগ নিয়েছে। কলেবরে ছোটো হলেও এ গ্রন্থে ড. কামালী এ গ্রন্থে মাকাসিদের পরিচয় অসাধারণভাবে তুলে ধরেছেন। ঋজু ও সহজবোধ্য ভাষা এবং উসূলে ফিকহ-মাকাসিদের উপর লেখকের অধিকার এ গ্রন্থটিতে বাড়তি সৌন্দর্য যুক্ত করেছে।

২.

প্রফেসর ড. হাশিম কামালী মুসলিম উম্মাহর প্রখ্যাত আলেম, উসূলবিদ ও মাকাসিদ আশ শরীয়াহ বিশেষজ্ঞ। জন্মসূত্রে আফগান প্রফেসর কামালী তার জীবনের কয়েকটি যুগ অতিবাহিত করেছেন- ফিকহ, ইসলামী আইন ও আইনদর্শনের অধ্যয়ন ও বোঝাপড়ায়। ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি অব মালয়েশিয়ায় ফিকহ ও ইসলামী আইনের উপর দীর্ঘ উনিশ